মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

স্মারক নং ৪/নম/৩৬/৩৯৪ তারিখ ৫/১০/০৬

প্রেরক ঃ বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

প্রাপক ঃ প্রধান শিক্ষক / প্রধান শিক্ষয়িত্রী,

আফজা আইডিয়াল একাডেমী উচ্চ বিদ্যালয়

ডাকঘর পক্ষরিয়া উপজেলা সাঁথিয়া জেলা পাবনা।

বিষয় ঃ নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র ঃ শিম/মা-১১/অনু/স্বীকৃতি-১-৫১/২০০৫/১৪৩৬; তাং- ২৭-১-২০০৬ইং

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, উক্ত বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার লক্ষ্যে মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে নিম্ন বর্ণিত বিষয় সমূহ পড়ানোর অনুমোদন সহ ০১-০১-২০০৬ইং তারিখ হতে মানবিক / বিজ্ঞান / ব্যবসায় শিক্ষা শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

আবশ্যিক বিষয়সমূহ ঃ বাংলা, ইংরেজী, গণিত, ধর্ম শিক্ষা, সাধারণ বিজ্ঞান / সমাজ বিজ্ঞান।

নৈর্বাচনিক বিষয়সমূহ ঃ (৩ টি বিষয় পাঠ্যক্রম অনুসারে)

মানবিক শাখা ঃ ইতিহাস, ভূগোল, অর্থনীতি / পৌরনীতি।

বিজ্ঞান শাখা ঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান / উচ্চতর গণিত।

ব্যবসায় শিক্ষা শাখা ঃ ব্যবসা পরিচিতি, হিসাব বিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ / বাণিজ্যিক ভূগোল।

ঐচ্ছিক বিষয় (যে কোন ১ টি) ঃ কৃষি শিক্ষা

শর্ত সমূহ ঃ

১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্য্যায়ে ৩ (তিন) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০০৮ইং পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে-না।

২। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠ দানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল হয়ে যাবে । সে ক্ষেত্রে বিদ্যালয়টি পাঠদান ও পরীক্ষা সক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

৩। ২৩-০৪-৯৭ তারিখের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।

৪। আগামী ২৫-১০-২০০৬ইং তারিখের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি নির্বাহী কমিটি গঠনের প্রস্তাব পাঠাতে হবে। অন্যথায় এই অনুমতি বাতিল বলে বিবেচিত হবে।

বিঃদ্রঃ ৭১৫ একাত্তর ১ জন ছাত্র/ছাত্রীর আগামী এক মাসের মধ্যে নিবন্ধন শাখা থেকে আর,আই,এফ ফরম সংগ্রহ পূর্বক ফি সহ নিবন্ধন সম্পন্ন করার জন্য বলাহল।

৫/১০/০৬

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।